

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০২১.২০১৫-

তারিখঃ ----- খ্রিঃ।

আদেশ

যেহেতু, জনাব মোঃ জিয়াউল হক মিয়া, ক্রেডিট সুপারভাইজার, যুব উন্নয়ন অধিদপ্তর, ভুরুঙ্গামারী, কুড়িগ্রামে কর্মকালীন অত্র অধিদপ্তরের ০৭-৭-২০১১ খ্রিঃ তারিখে ১০৫৫ সংখ্যক আদেশে ০৭-০৭-২০১১ খ্রিঃ হতে ০৪-৯-২০১১ তারিখ পর্যন্ত অথবা ছুটি ভোগের তারিখ হতে ০২ মাসের বহির্বাংলাদেশ ছুটি নিয়ে গত ০৭-৮-২০১১ খ্রিঃ তারিখে কর্মস্থল ত্যাগ করেন। অনুমোদিত ছুটি শেষে দীর্ঘ দিন বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকা, কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে বিদেশে অবস্থান করা, দীর্ঘদিন অনুপস্থিত থাকার পর ০১-০২-২০১৫ খ্রিঃ তারিখে যোগদানপত্র দাখিলপূর্বক স্থানীয় কর্তৃপক্ষকে যোগদানপত্র গ্রহণের জন্য বিভিন্নভাবে চাপ প্রয়োগ করা এবং গত ০৫-০৫-২০১৫ খ্রিঃ তারিখে স্থানীয় কর্তৃপক্ষের সাথে অসৌজন্যমূলক আচরণের অভিযোগে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) ধারা মতে অত্র দপ্তরের ০৯-৮-২০১৫ খ্রিঃ তারিখের ২৯৩ সংখ্যক স্মারকে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা চালু করা হয়;

০২। যেহেতু, তিনি উক্ত মামলায় আনীত অভিযোগের বিষয়ে লিখিতভাবে জবাব দাখিল না করায় তার ব্যক্তিগত গুনানী গ্রহণ করা হয়নি;

০৩। যেহেতু, বিভাগীয় মামলার নথি পর্যালোচনায় অভিযোগসমূহের তদন্তের প্রয়োজন অনুভূত হওয়ায় বিধি মোতাবেক বিভাগীয় তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। সে মোতাবেক তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন। প্রাপ্ত তদন্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ প্রমানিত হয়;

০৪। যেহেতু, নথিপত্র এবং তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির(ডিজারশন) অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমানিত বিধায় একই বিধিমালার ৪(৩)(ডি) বিধান মতে তাকে চাকুরী হতে বরখাস্ত(Dismissal from Service) দণ্ডারোপের প্রস্তাবনাপূর্বক অত্র দপ্তরের ২৭-৪-২০১৬ খ্রিঃ তারিখের ১১২ সংখ্যক পত্রে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারী করা হয় এবং স্থানীয় কর্তৃপক্ষের মাধ্যমে তার ছোটভাই জনাব জিকরুল হক মিয়া কর্তৃক গত ২৪-৫-২০১৬ খ্রিঃ তারিখে প্রাপ্তি নিশ্চিত করা হয়। কিন্তু এবারও তিনি কোন জবাব প্রদান করা থেকে বিরত থাকেন, এতে প্রতীয়মান হয় যে, হয়তো তিনি দেশে নেই অথবা চাকুরি করার প্রতি তার কোন আগ্রহ নেই;

০৫। যেহেতু, বিভাগীয় মামলার জবাব না দেয়া, ব্যক্তিগত গুনানী না চাওয়া, দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব না দেয়া, তদন্তে অভিযোগ প্রমানিত হওয়া এবং নথি পর্যালোচনায় সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি অনুযায়ী অসদাচরণ ও বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির(ডিজারশন) অভিযোগে তাকে দোষী সাব্যস্ত করা হয় এবং একই বিধিমালার ৪(৩) বিধি মোতাবেক গুরু দণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় :

ক) এক্ষণে, সেহেতু সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধিতে দোষী সাব্যস্ত করে একই বিধিমালার ৪(৩)(সি) ধারার বিধান মতে ক্রেডিট সুপারভাইজার জনাব মোঃ জিয়াউল হক মিয়া-কে চাকুরি হতে অপসারণ((Removal from Service)) দণ্ডে দণ্ডিত করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-
(আনোয়ারুল করিম)
মহাপরিচালক
ফোন : ৯৫৫৯৩৮৯

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০২১.২০১৫-২৬৯,

তারিখঃ ২৫-০৯-২০১৬ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো :

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো।

- ০১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, কুড়িগ্রাম।
- ০২। কম্পিউটার প্রোগ্রামার(আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। পত্রটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৩। সহকারী পরিচালক(প্রশাসন), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-পত্রটি সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত নথিতে সংরক্ষণের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৪। নিরীক্ষা ও হিসাব রক্ষণ কর্মকর্তা/কল্যাণ কর্মকর্তা, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৫। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম।
- ০৬। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম-কে নোটিশটি সংশ্লিষ্ট কর্মচারীকে অবহিত করতে অনুরোধ করা হলো।
- ০৭। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, মিঠাপুকুর, রংপুর-কে পত্রটি(জনাব জিয়াউল হক মিয়া, পিতা-জনাব মোঃ এমদাদুল হক, গ্রাম+পোঃ কাফ্রিখাল, উপজেলা-মিঠাপুকুর, জেলা-রংপুর) এ ঠিকানায় বিলিপূর্বক সার্ভিস রিটার্ন অত্র দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে অনুরোধ করা হলো।
- ০৮। জনাব মোঃ জিয়াউল হক মিয়া, সাবেক ক্রেডিট সুপারভাইজার, যুব উন্নয়ন অধিদপ্তর, ভুরুঙ্গামারী, কুড়িগ্রাম।
- ০৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ১০। অফিস কপি।

(মোঃ আতাউর রহমান)
সহকারী পরিচালক(শৃঙ্খলা)
ফোন : ৯৫৫১৮৫৯